যুগান্তর

তারিখ 31 JUL 2015
পৃষ্ঠা ১৮ কলাম ৪

উপবৃত্তির টাকা আত্মসাৎ

# মাদারগঞ্জে প্রধান শিক্ষক অবরুদ্ধ স্কুলে আগুন

মাদারগঞ্জ (জামালপুর) প্রতিনিধি

জামালপুরের মাদারগঞ্জে উপবৃত্তির টাকা আত্মসাৎকে কেন্দ্র করে শিক্ষার্থীদের অভিভাবকরা চরনাদাগাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে অবরুদ্ধ করেছে। ঘটনার জেরে বৃহস্পতিবার কে বা কারা বিদ্যালয়ের অফিস কক্ষে আগুন দিয়েছে। জানা গেছে, বুধবার বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি রইস প্রামানিক, তার ছেলে জাহিদুল ইসলামসহ ৫০-৬০ জন অভিভাবক বিদ্যালয়ে উপস্থিত হয়ে প্রায় ৩০ জন শিক্ষার্থী জানুয়ারি-জুন সেশনে উপবৃত্তি টাকা না পাওয়ার ঘটনাকে কেন্দ্র করে তর্কে বিদ্যালয়ে প্রধান শিক্ষক লিপ্ত হয়। একপর্যায়ে অভিভাবকরা প্রধান শিক্ষককে তার কক্ষে তালা দিয়ে অবরুদ্ধ করে রাখলে পুলিশ এসে তাকে উদ্ধার করে। ঘটনার জের ধরে বৃহস্পতিবার সকালে কে বা কারা চরনাদাগাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয় অফিস কক্ষের তালা ভেঙে প্রবেশ করে অফিসের কাগজপত্রে আগুন ধরিয়ে দেয়। এ ব্যাপারে জানতে চাইলে প্রধান শিক্ষক মোরশিদ মোহাম্মদ আসলাম জানান, উপবৃত্তির বিরোধকে কেন্দ্র করে তার প্রতিপক্ষরাই তালা ভেঙে অফিসে আগুন ধরিয়েছে।